গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে ২ প্রার্থীর মনোনয়ন প্রত্যাহার

মনোনয়ন প্রত্যাহারের শেষ দিনে গাংনী উপজেলা পরিষদ নির্বাচনে ২ প্রার্থী মনোনয়নপত্র প্রত্যাহার করেছেন।
এরা হলেন, মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন ও গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম।

আজ মঙ্গলবার বিকেলে জেলা রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করেন।
জানা গেছে, গাংনী উপজলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে আটজন প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকলেন।

এছাড়া ভাইস চেয়ারম্যান ৩ ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৩ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করছেন। চেয়ারম্যান পদে উপজেলা পরিষদের বর্তমান চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, গাংনী উপজেলা মহিলা আওয়ামী লীগের আহবায়ক লায়লা আরজুমান বানু শিলা, সাবেক ভাইস চেয়ারম্যান ও জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড: রাশিদুল হক জুয়েল, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. এ কে এম শফিকুল আলম, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন ও মহিবুল ইসলাম মুকুল।

ভাইস চেয়ারম্যান পদে দেলোয়ার হোসন মিঠু, ফারুক হাসান ও রেজাউল করিম। মহিলা ভাইস চেয়ারম্যান পদে বর্তমান ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জাকিয়া আক্তার ও নাছিমা খাতুন প্রতিদ্বন্দ্বীতা।

দ্বিতীয় দফায় উপজেলা পরিষদ নির্বাচনের অংশ হিসেবে আগামি ২১ মে গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।